



মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট-৯৩৫১  
টেলিফোন : ০৪৬৬২-৭৫৩৪৫  
ফ্যাক্স : ০৪৬৬২-৭৫২২৪  
ই-মেইল : da@mpa.gov.bd  
ওয়েব সাইট : www.mpa.gov.bd



নং-১৮.১৪.০১৫৮.১২৪.১০.০২৮.২০- ৯৪৯

তারিখঃ ৩০ জুন ২০২১ খ্রিঃ।

### “অফিস আদেশ”

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগের ৩০/০৬/২০২১ তারিখের পত্র নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩ এর নির্দেশনার আলোকে মোংলা বন্দরের কার্যক্রম চলমান রাখার লক্ষ্যে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত মোংলা বন্দর কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন সমগ্র এলাকায় নিম্নোক্ত বিধি-নিষেধ আরোপ করা হলোঃ

- ১.১ আবাসিক এলাকায় বসবাসকারী কর্মকর্তা/কর্মচারীর কোন আত্মীয়-স্বজন (সন্তান, মা-বাবা এবং নির্ভরশীল সদস্য ব্যতীত), গৃহশিক্ষক, গৃহকর্মী আবাসিক এলাকায় প্রবেশ করতে পারবেন না;
- ১.২ বন্দরের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট যানবাহন ব্যতীত সড়ক ও নৌ-পথে সকল প্রকার যানবাহন চলাচল বন্ধ থাকবে;
- ১.৩ বন্দর নিয়ন্ত্রণাধীন এলাকায় শপিংমল/ মার্কেটসহ সকল দোকানপাট বন্ধ থাকবে;
- ১.৪ জনসমাবেশ হয় এধরনের সামাজিক (বিবাহোত্তর অনুষ্ঠান (ওয়ালিমা), জন্মদিন, পিকনিক, পার্টি ইত্যাদি) রাজনৈতিক ও ধর্মীয় আচার অনুষ্ঠান বন্ধ থাকবে;
- ১.৫ বন্দরের পণ্য পরিবহনে নিয়োজিত ট্রাক/লড়ি/ কাভার্ড ভ্যান/ কার্গো ডেসেল এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;
- ১.৬ কাঁচা বাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্য বিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে;
- ১.৭ অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। নির্দেশনা অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ১.৮ টিকা কার্ড প্রদর্শন সাপেক্ষে টিকা গ্রহণের জন্য যাতায়াত করা যাবে;
- ১.৯ খাবারের দোকান, হোটেল-রোস্টোরা সকাল ৮.০০টা থেকে রাত ৮.০০টা পর্যন্ত খাবার বিক্রয় (Online/Take Away) করতে পারবে। হোটেলে/খাবার দোকানে বসে খাবার খাওয়া যাবে না বা দোকানের সামনে আড্ডা দেওয়া যাবে না;
- ১.১০ মসজিদের প্রবেশদ্বারে হ্যান্ড স্যানিটাইজার / হাত ধোয়ার ব্যবস্থাসহ সাবান-পানি রাখতে হবে, আগত মুসল্লীদেরকে অবশ্যই মাস্ক পরে মসজিদে আসতে হবে, প্রত্যেককে নিজ নিজ বাসা থেকে ওয়ূ করে, সুন্নত নামাজ ঘরে আদায় করে মসজিদে আসতে হবে; মসজিদে কার্পেট বিছানো যাবে না, পাঁচ ওয়াক্ত নামাজের পূর্বে সম্পূর্ণ মসজিদ জীবানুনাশক দ্বারা পরিষ্কার করতে হবে, মুসল্লীগণকে নিজ নিজ দায়িত্বে জায়নামাজ নিয়ে আসতে হবে। কাতারে নামাজে দাঁড়ানোর ক্ষেত্রে সামাজিক দূরত্ব নিশ্চিত করতে হবে। শিশু, বয়বৃদ্ধ, যে কোন অসুস্থ ব্যক্তি এবং অসুস্থদের সেবায় নিয়োজিত ব্যক্তি জামায়াতে অংশগ্রহণ করা হতে বিরত থাকতে হবে;
- ১.১১ অন্যান্য সকল ধর্মীয় প্রতিষ্ঠান/উপাসনালয়ে প্রবেশের ক্ষেত্রে মাস্ক পরিধান/হ্যান্ড স্যানিটাইজার/সাবান দিয়ে হাত ধোয়াসহ স্বাস্থ্যবিধি মেনে সামাজিক ও শারীরিক দূরত্ব যথাযথভাবে অনুসরণ করবেন;
- ১.১২ বন্দরের নিয়ন্ত্রণাধীন সকল হাসপাতাল/চিকিৎসা কেন্দ্রে প্রয়োজনীয় জনবল/ঔষধ/সরঞ্জামাদি সার্বক্ষণিক প্রস্তুত রাখতে হবে;
- ১.১৩ পশুর নদীতে বিভিন্ন দেশ থেকে আগত জাহাজ, লাইটার জাহাজ, কার্গো জাহাজ হতে কোন ব্যক্তি/শ্রমিক বন্দরে নামতে পারবেন না;

- ১.১৪ বন্দরের নিয়ন্ত্রণাধীন সকল স্থাপনার (আবাসিক এলাকার গেইটসহ) প্রবেশমুখে পিপিই পরিধানকরতঃ নিরাপত্তা প্রহরীগণ চলাচল কঠোরভাবে নিয়ন্ত্রণ করবেন;
- ১.১৫ ভবন/ আবাসিক এলাকায় বসবাসরত কর্মকর্তা/কর্মচারী তার বাসার ময়লা/আর্বজনা নিজ ভবনের নীচে নির্দিষ্ট স্থানে জমা রাখবেন;
- ১.১৬ বিভাগীয় প্রধানগণ তার বিভাগের লকডাউনরত কর্মকর্তা/কর্মচারী ও তার পরিবার সদস্যদের খাবারসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহ নিশ্চিত করবেন;
- ১.১৭ পুরাতন মোংলা ও খুলনা থেকে আগত কর্মকর্তা/কর্মচারীদের স্থায়ী বন্দর এলাকায় যাতায়াত নিরুৎসাহিত করা হলো। তবে বিভাগীয় প্রধান তার বিভাগের কার্যক্রম সচল রাখার স্বার্থে কর্মরত জনবলের সর্বাধিক ২৫% জনবল নিয়ে কার্যক্রম পরিচালনা নিশ্চিত করবেন;
- ১.১৮ অসুস্থ শরীরে অফিসে আসা যাবেনা। চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ১.১৯ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট প্রধান নিরাপত্তা কর্মকর্তার সাথে সমন্বয় করে বন্দর নিয়ন্ত্রণাধীন এলাকায় উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নে প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করবেন;
- ০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ আগামী ১লা জুলাই, ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা হতে কার্যকর হবে। সকল বিভাগীয় প্রধান, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এবং মসজিদ পরিচালনা কমিটিকে উল্লিখিত বিষয়ে আবশ্যিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

*Shahinur Alam*  
10/6/2021

মোঃ শাহীনুর আলম  
উপসচিব  
পরিচালক (প্রশাসন)  
মোংলা বন্দর কর্তৃপক্ষ

অনুলিপি (সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে)ঃ

- ১। সদস্য (অর্থ/হাঃ ও মেঃ/প্রঃ ও উঃ) মহোদয়, মবক, মোংলা।
- ২। সকল বিভাগীয়/কোষ প্রধান/সভাপতি/সাধারণ সম্পাদক, সিবিএ/মসজিদ পরিচালনা কমিটি  
....., মবক, মোংলা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।